সমকাল

তারিখ 17 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# এইচএসসির ফল কাল

■ সমকাল প্রতিবেদক

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল আগামীকাল ১৮ আগস্ট বৃহস্পতিবার প্রকাশ করা হবে। শিক্ষা সচিব সোহরাব হোসাইন গতকাল মঙ্গলবার সমকালকে এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, বৃহস্পতিবার সকাল ১০টায় গণভবনে সব শিক্ষা বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলের সারসংক্ষেপ তুলে দেবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। পরে দুপুর ১টায় মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে ফলের বিস্তারিত তুলে ধরবেন তিনি। দুপুর ২টায় আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করা হবে।

গত ৩ এপ্রিল সারাদেশে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছিল। তত্ত্বীয় পরীক্ষা শেষ হয় গত ৯ জুন। ১১ থেকে ২০ জুন পর্যন্ত অনুষ্ঠিত হয় ব্যবহারিক পরীক্ষা। দেশের ১০টি শিক্ষা বোর্ডের অধীনে এ বছর এ পরীক্ষায় অংশ নেয় ১২ লাখ ১৮ হাজার ৬২৮ পরীক্ষার্থী।

আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এ বছর এইচএসসিতে ১০ লাখ ২০ হাজার ১০৯, মাদ্রাসা বোর্ডের অধীনে আলিমে ৯১ হাজার ৫৯১, কারিগরি বোর্ডের অধীনে এক লাখ ২ হাজার ১৩২ ও ডিআইবিএসে ৪ হাজার ৭৯৬ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছিল। সারাদেশে ৮ হাজার ৫৩৩টি প্রতিষ্ঠানের পরীক্ষা ২ হাজার ৪৫২টি কেন্দ্রের মাধ্যমে অনুষ্ঠিত হয়।